

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯১৬

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب فِي المعجزا)

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكُمْ سَتَفْتَحُونَ مِصْرَ وَهِيَ أَرْضُ يُسَمَّى فِيهَا الْقِيرَاطُ فَإِذَا فَتَحْتُمُوهَا فَأَحْسِنُوا إِلَى أَهْلِهَا فَإِنَّ لَهَا ذِمَّةً وَرَحِمًا أَنْ قَالَ: ذَمَّةً وَصِهْرًا فَإِذَا رَأَيْتُمْ رَجُلَيْنِ يَخْتَصِمَانِ فِي مَوْضِعِ لَبِنَةٍ فَاخْرُجْ مِنْهَا . قَالَ: فَرَأَيْتُ عَبْدَ الرَّحْمَن بن شُرَحْبِيل بن حَسَنَة وأخاه يَخْتَصِمَانِ فِي مَوْضِعِ لَبِنَةٍ فَخَرَجْتُ مِنْهَا . رَوَاهُ مُسلم

رواه مسلم (227 ، 226 / 2543)، (6494 و 6494) ـ (صَحِيح)

বাংলা

কে১৬-[৪৯] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: অদূর ভবিষ্যতে তোমরা নিশ্য মিসর জয় করবে। তা এমন একটি দেশ যেখানে কীরাত (আঞ্চলিক মুদ্রার নাম) ব্যবহার হয়ে। থাকে। তোমরা যখন তা জয় করবে, তখন সেখানকার অধিবাসীদের সাথে সদ্যবহার করবে। কেননা তাদের সাথে সৌহার্দ ও আত্মীয়তার অথবা বলেছেন, সৌহার্দ ও শ্বন্ধরাত্মীয়তার সম্পর্ক রয়েছে। আর যখন দেখবে, দুই লোক একটি ইটের জায়গা নিয়ে পরস্পর বিবাদ করছে তখন তুমি সে স্থান হতে সরে পড়বে। আবৃ যার (রাঃ) বলেন, অতঃপর আমি আবদুর রহমান ইবনু শুরাহবিল ইবনু হাসানাহ্ ও তার ভাই (রবীআহ-কে) একটি ইটের স্থান নিয়ে পরস্পর ঝগড়া করতে দেখতে পাই, তখন আমি সেখান থেকে বের হয়ে আসি। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ২২৭-(২৫৪৩), মুসনাদে আহমাদ ২১৫৬০।



ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে বলা হয়েছে, (هَ اَ اَلَى اَهُ الْهَ الْهُ اللَّهُ اللَّهُ الْهُ اللَّهُ اللّلَّا اللَّهُ اللَّا اللّه

وَخُتُصِمَانِ فِي مَوْضِعٍ لَبِنَةٍ فَاخُرُجٌ مِنْهَا) অর্থাৎ তারা দুজন এক ইট পরিমাণ জায়গা নিয়ে ঝগড়া করছিল। তখন আমি সেখান থেকে বের হলাম। হাদীসে বর্ণিত এ ঘটনাটি ঘটেছিল উসমান (রাঃ)-এর শাসন আমলের শেষের দিকে। যখন তারা তাকে তার দুধ ভাই আবদুল্লাহ ইবনু সা'দ ইবনু আবৃ সারাহ-এর নেতৃত্বের ব্যাপারে দোষারোপ করে। উক্ত ঘটনাটি ঘটার আগেই নবী (সা.) জানিয়ে দিয়েছেন যে, অবশ্যই তা মিসরে ঘটবে। তার পরেই শুরু সংঘটিত হবে বিভিন্ন ফিতনাহ্। যেমন- 'উসমান (রাঃ)-এর বিরুদ্ধে মিসরীদের বিদ্রোহ করা ইত্যাদি। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85892

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন